ষ্টারলিং ডেনিমস্ লিঃ

ধনিয়া,নয়ারহাট,আশুলিয়া,সাভার,ঢাকা ।

পলিসি নাম	ছুটি সম্পর্কীত নীতি (Leave Policy)	
পলিসি নম্বর	৩৪	
পরীক্ষণের তারিখ	০১ লা জানুয়ারী ২০২০	
প্রস্তুতকারী	মোঃ ইদ্রিস মল্লিক- ব্যবস্থাপক(কমপ্লায়েন্স)	
পরীক্ষণকারী	মোঃ মাহমুদ হোসেন- উপ মহাব্যবস্থাপক(মানব সম্পদ, প্রশাসন ও কমপ্লায়েন্স)	
অনুমোদনকারী	আলফাজ উদ্দিন আহমেদ- নির্বাহী পরিচালক	

ছুটি সম্পর্কীত নীতি (Leave Policy)

ষ্টারলিং ডেনিমস্ লিঃ কর্তৃপক্ষ এই প্রতিষ্ঠানে নিয়োজিত সকল কর্মকর্তা ,কর্মচারী ও শ্রমিকদের জন্য কিছু ছুটির বিধিমালা জানিয়ে দেয়ার জন্য নীতিমালা প্রনয়ন করেছে। যুক্তিযুক্ত এবং বাস্তব সম্মত কারনে কোম্পানীতে নিয়োজিত সকল ব্যক্তিবর্গ এখন হতে নিম্নলিখিত নীতি অনুযায়ী ছুটির অধিকারগুলো ভোগ করতে পারবে।

ছুটির প্রকার ঃ

১) সাপ্তাহিক ছুটি ।

২) নৈমিত্তিক ছুটি ।

৩) অসুস্থতাজনিত ছুটি।

৪) পর্বজনিত ছুটি।

৫) অর্জিত ছুটি।

৬) মার্তৃত্বকালীন ছুটি।

৭) বিশেষ ছুটি।

ছুটি অনুমোদনকারী ঃ

১) ব্যবস্থাপনা পরিচালক সকল বিভাগের বিভাগীয় প্রধানদের ছুটি অনুমোদন করবেন।

২) প্রশাসন বিভাগের প্রধান বিভাগীয় প্রধানদের ছাড়া অন্যান্য সকলের ছুটি অনুমোদন করবেন।

ষ্টারলিং ডেনিমস্ লিঃ

ধনিয়া,নয়ারহাট,আশুলিয়া,সাভার,ঢাকা।

ছুটি নেয়ার পদ্ধতি ঃ

- ছুটি প্রার্থী ব্যক্তিকে কোম্পানীর নির্ধারিত ফরমে ছুটির জন্য আবেদন করতে হবে।
- ছুটির আবেদনপত্র পূরন করে প্রথমে যার যার বিভাগের বিভাগীয় প্রধানের কাছে জমা দিতে হবে।
- বিভাগীয় প্রধান ছুটির সুপারিশ করে চূড়ান্ত অনুমোদনের জন্য প্রশাসন বিভাগে পাঠাবেন ।
- প্রশাসন বিভাগ চূড়ান্ত অনুমোদনের যাবতীয় ব্যবস্থা গ্রহন করবেন।

সাপ্তাহিক ছুটি ঃ প্রত্যেক কর্মী সপ্তাহে ০১ (এক) দিন (সাধারনত শুক্রবার)সাপ্তাহিক ছুটি ভোগ করবে। জরুরী প্রয়োজনে কোন সাপ্তাহিক বা পর্বজনিত ছুটির দিনে কাজ করানো হলে পরবর্তী ৩ (তিন) দিনের মধ্যে কোন একদিন ক্ষতিপূরণমূলক ছুটি প্রদান করতে হবে।

নৈমিত্তিক ছুটি ঃ প্রত্যেক কর্মী বছরে পূর্ণ বেতনসহ দশ দিনের নৈমিত্তিক ছুটি ভোগ করতে পারবে নিম্ন লিখিত শর্তের উপর -

১) নৈমিত্তিক ছুটি ভোগ না করলেও পরবতী বছরে এই ছুটি যোগ হবে না । অর্থাৎ এই বছরের ৩১শে ডিসেম্বর এর পর এই ছুটি বাতিল হয়ে যাবে।
২) ছুটি কালীন সময়ের সাথে যদি কোন সাপ্তাহিক ছুটি বা কোন পর্বজনিত ছুটি পড়ে তাহলে তা ঐ ছুটির সাথে যোগ হবে না।
৩) নিয়োগ প্রাপ্তির পর থেকেই কর্মীরা এই ছুটি ভোগ করতে পারবে।

অসুস্থতাজনিত ছুটিঃ প্রত্যেক কর্মী বছরে ১৪ দিন অসুস্থতা জনিত ছুটি ভোগ করতে পারবে নিম্নে লিখিত শর্তের ভিত্তিতে -

১) প্রত্যেক শ্রমিক বছরে ১৪ দিন পুর্ন বেতন সহ অসুস্থতাজনিত ছুটি ভোগ করতে পারবে।
২) স্টাফ এবং অফিসারগন পূর্ণ বেতন সহ বছরে ১৪ দিন এই ছুটি ভোগ করতে পারবে।
৩) এই ছুটি জমা রেখে পরবর্তী বছরে উত্তরণ করা যাবে না।
৪) দুই দিনের ছুটি হলে কোন ডাক্তরের সার্টিফিকেট দাখিল করতে হবে না।
৫) ৩ দিন অথবা এর বেশী ছুটি হলে যথপোযুক্ত ডাক্তরের সার্টিফিকেট দাখিল করতে হবে।

পর্বজনিত ছুটি ঃ প্রত্যেক শ্রমিক বছরে অন্তত ১১ দিন পর্ব উপলক্ষ্যে সবেতন ছুটি ভোগ করতে পারবে। পর্বজনিত ছুটির দিন ও তারিখ কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত হবে। জরুরী প্রয়োজনে পর্ব উপলক্ষে যে কোন ছুটির দিন কাজ করানো হলে তা ওভারটাইম হিসাবে গন্য হবে এবং একটি বিকল্প ছুটির ব্যবস্থা করা হবে।

অর্জিত ছুটি ঃ **যে কোন শ্রমিক এর চাকুরীর বয়স একটানা ১ (এক) বৎসর পূর্ণ হলে নিম্নের শর্তানুযায়ী একজন শ্রমিক সবেতনে এই ছুটি ভোগ করতে পারবে।**

১) ষ্টারলিং ডেনিমস্ লিঃ এর সকল কর্মী যাদের চাকুরীর বয়স ১ বৎসর পূর্ণ হয়েছে তারা পরবর্তী বছরে প্রতি ১৮ কর্মদিবসে একদিন অর্জিত ছুটি ভোগ করার অধিকারী হবে।
২) এই ছুটি সম্পূর্ণ বা আংশিক ভোগ না করে থাকলে পরবর্তী বছরে তার পাওনা ছুটির সাথে তা যোগ করা হবে।
৩) **একজন প্রাপ্ত বয়স্ক শ্রমিকের অর্জিত ছুটির পরিমান ১৮ দিন হলে সে আর এই ছুটি জমা করতে পারবে না।**

ষ্টারলিং ডেনিমস্ লিঃ

ধনিয়া,নয়ারহাট,আশুলিয়া,সাভার,ঢাকা ।

মার্তৃত্বকালীন ছুটি ঃ **কোম্পানী মহিলা কর্মীদের জন্য নিম্নলিখিত শর্তানুযায়ী মার্তৃত্বকালীন ছুটি প্রদান করবে।**

১) এই ছুটি পেতে হলে একজন মহিলা কর্মীকে ন্যুনতম ৬ মাস একটানা এই কোম্পানীতে কাজে নিয়োজিত থাকতে হবে।
২) সন্তান প্রসবের ৮ সপ্তাহ পূর্বে এবং প্রসবের ছয় সপ্তাহ পরে মোট ১৬ সপ্তাহ এই ছুটি ভোগ করতে পারবে।
৩) একজন মহিলা কর্মী কর্মরত অবস্থায় সর্বোচ্চ দুইবার এই ছুটি ভোগ করতে পারবেন।
৪) সন্তান প্রসবের ৮ সপ্তাহ পূর্বে ডাক্তারি সার্টিফিকেট সহ ছুটির আবেদন পত্র পেশ করবে এবং সন্তান প্রসবের পর ডাক্তরের সার্টিফিকেট দাখিল করতে হবে।
৫) মার্তৃত্বকালীন ভাতা ”মার্তৃকালীন সুবিধা প্রদান নীতি অনুযায়ী” প্রদান করা হবে।

বিশেষ ছুটিঃ ষ্টারলিং ডেনিমস্ লিঃ কর্তৃপক্ষ যে সকল শ্রমিক কর্মচারী লেখা পড়ায় নিয়োজিত থেকে কারখানায় চাকুরী করেন তাদের জন্য বিশেষ ছুটি হিসেবে পরীক্ষার জন্য ছুটির ব্যবস্থা করে থাকেন। সেক্ষেত্রে শ্রমিক কর্মচারী পরীক্ষার রুটিন ও প্রবেশপত্র সহ কারখানা কর্তৃপক্ষ বরাবর আবেদন করবেন। কর্তৃপক্ষ যাচাই বাছাই শেষে স্ববেতনে ছুটির ব্যবস্থা করবেন।

ছুটি বর্ধিতকরন ঃ

১) ছুটিতে যাওয়ার পর শ্রমিক যদি ছুটির মেয়াদ বৃদ্ধি করতে চায় এবং যদি বর্ধিত মেয়াদের জন্য ছুটি পাওনা থাকে তবে তাকে ছুটির মেয়াদ শেষ হওয়ার যথেষ্ট আগে কর্তৃপক্ষের নিকট ছুটির মেয়াদ বাড়ানোর জন্য আবেদন পত্র পাঠাতে হবে।
২) ছুটির মেয়াদ শেষ হওয়ার পরেও যদি পরবর্তী ১০ দিনের মধ্যে কর্মী কাজে যোগদান না করে এবং যথাসময়ে কাজে যোগদান না করার কারন সম্পর্কে কর্তৃপক্ষকে সন্তুষ্টিমূলক জবাব দিতে না পারলে চাকুরীর শর্ত হারাবে।
৩। বিনা অনুমতিতে ১০ দিন অনুপস্থিত থাকার পর কোন কর্মী যদি কর্তৃপক্ষকে সন্তেষজনক জবাব দিতে পারে, তবে তাকে অনুমোদিত ছুটির দিন ব্যতীত বাকী দিন গুলো বিনা বেতনে ছুটি মঞ্জুর করা হবে।